# বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।

ফোন ঃ ৯৫৫০৫০৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০২১-২২
৯৫৬০০৩১/২২৯
e-mail: dgmicd@krishibank.org.bd


## অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

প্রকা/অনিবি-প্রশা-৪৯/২০১৭-২০১৮/ ৫০০(১২৫)

তারিখঃ ০৬/১১/২০১৭

০১। সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়সমূহ।

০২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।

০৩। সকল ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক এর মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক।

**বিষয়ঃ বিগত ২১/০৬/২০১৭ তারিখে বিকেবি রিস্ক ম্যানেজমেন্ট ইউনিট কমিটির এর মে/২০১৭ মাসে অনুষ্ঠিত ১১তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।**

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগের ১৩/০৭/২০১৭ তারিখের প্রকা/অনিবি-প্রশা-৪৯/২০১৭-২০১৮/৩০(১৫) নং পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে(কপি সংযুক্ত)।

০২। উক্ত পত্রে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ হতে রিস্ক ম্যানেজমেন্ট ইউনিট কমিটির এর মে/২০১৭ সভায় ২টি ঝুঁকি উপস্থাপন করা হয় এবং উল্লেখিত ঝুঁকি নিরসনের লক্ষ্যে বিগত ২০/১০/২০১৭ তারিখে ঝুঁকি ব্যবস্থাপনা কমিটির সভায় নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

> " অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক চিহ্নিত ঝুঁকি ২টি নিরসনের লক্ষ্যে মাঠ পর্যায়ে প্রদত্ত নির্দেশনাসমূহ শাখা ব্যবস্থাপকগণ নিজ দায়িত্বে বাস্তবায়ন করে এতদসংক্রান্ত নিশ্চয়তাপত্র সংশিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ করবেন। মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণকে তা সরজমিনে পরিদর্শনপূর্বক তা নিশ্চিত করে এতদসংক্রান্ত প্রত্যয়ন প্রধান কার্যালয়ের অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণের জন্য নির্দেশ প্রদান করতে হবে।"

০৩। এমতাবস্থায়, ঝুঁকি ব্যবস্থাপনা কমিটি প্রদত্ত সিদ্ধান্ত যথাযথ পরিপালন ও বাস্তবায়ন করতঃ এতদসংক্রান্ত প্রত্যয়নপত্র আগামী ১৬/১১/২০১৭ তারিখের মধ্যে অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগে প্রেরণের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সদয় অনুরোধ করা হলো।

০৪। বিষয়টি অত্যন্ত জরুরী।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

০৬/১১/২০১৭
( দিবা রায় )
সহকারী মহাব্যবস্থাপক

সংযুক্তি ঃ বর্ণনা মতে।

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলোঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর-১/২/৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। সচিব, পর্ষদ সচিবাবলবয় বিভাগ,বিকেবি,প্রকা,ঢাকা।
৪। উপ-মহাব্যবস্থাপক,প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ২/ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
৬। **উপ-মহাব্যবস্থাপক,আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি,প্রকা,ঢাকাকে পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।**
৭। সকল বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
৯। নথি / মহানথি।

F:\NAZRUL\Letter 2017.doc

বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০।

ফোনঃ ৯৫৫০৫০৫
পিএবিএক্সঃ ৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫/২২৯
email: dgmicd@krishibank.org.bd

অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ

প্রকাঃঅনিবি- প্রশা- ৪৯/২০১৭-২০১৮/ ৮০(১৫)

তারিখঃ ১৩-০৭-২০১৭খ্রিঃ

০১। সকল মহাব্যবস্থাপক
বিভাগীয় কার্যালয়
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয়ঃ বিগত ২১-০৬-২০১৭ তারিখে BKB Risk Management Unit কমিটি এর মে/২০১৭ মাসে অনুষ্ঠিত ১১তম সভার সিদ্ধান্ত বাস্তবায়ন প্রসংগে।

প্রিয় মহোদয়,

বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়ের Risk Management Unit কমিটির মে/২০১৭ মাসে ২০১৬-২০১৭ অর্থবছরের ১১তম সভা বিগত ২১-০৬-২০১৭ তারিখে ব্যাংকের উপব্যবস্থাপনা পরিচালক-২ মহোদয়ের সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় মে/২০১৭ সময়কালে ব্যাংকে Risk Management Unit সম্পর্কিত কার্যাবলী এবং বর্তমান অবস্থার প্রেক্ষিতে প্রধান কার্যালয়ের Core Risk সংশ্লিষ্ট বিভিন্ন বিভাগ কর্তৃক উপস্থাপিত ঝুঁকি সমূহ পর্যালোচনা করা হয়।

০২। অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ বিভাগ কর্তৃক নিম্নলিখিত ঝুঁকি উপস্থাপন করা হয়ঃ

ক) শাখাসমূহে আমানতকারীর অনুমোদিত নমুনাস্বাক্ষর কার্ড এবং হিসাব খোলার ফরম ব্যাংকে বিদ্যমান আইন অনুযায়ী তালাবদ্ধ সিগনেচার কার্ড বক্স এবং আলমারীতে কিংবা সেফ কাস্টডিতে সংরক্ষন না করে খোলা জায়গায় যত্রতত্রভাবে অনিরাপদ অবস্থায় রাখা হয়। ফলশ্রুতিতে আমানতকারীর স্বাক্ষর জালিয়াতি করে ব্যাংকে রক্ষিত টাকা আত্মসাৎ হওয়ার ঝুঁকি বিদ্যমান।

খ) ব্যাংকের বিধি মোতাবেক ঋণ নথিসমূহ সেইফ ফাইল ইনডেক্সিং করে শাখায় তালাবদ্ধ অবস্থায় নিরাপদ হেফাজতে না রেখে খোলা জায়গায় অনিরাপদ অবস্থায় রাখা হয়। এতে ঋণ নথিতে রক্ষিত গুরুত্বপূর্ন দলিল/ ডকুমেন্টস/ রশিদ ইত্যাদি হারানো কিংবা খোয়া যেতে পারে। ফলে সংশ্লিষ্ট ঋণগ্রহীতার ঋণের টাকা আদায়ের ক্ষেত্রে মামলা দায়ের কিংবা আইনগত ব্যবস্থা গ্রহনে ব্যাংক ঝুঁকির সম্মুখীন হবে।

০৩। ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট কমিটি কর্তৃক উল্লেখিত ঝুঁকি পর্যালোচনাপূর্বক নিম্নোক্ত সিদ্ধান্ত প্রদান করা হয়ঃ

"নমুনা স্বাক্ষর কার্ড, হিসাব খোলার ফর্ম এবং ঋণনথিসমূহ যথাযথভাবে সংরক্ষন করার বিষয়ে বিভাগীয় কার্যালয়সমূহের মহাব্যবস্থাপকগন কর্তৃক ১০/১৫টি টিম গঠন করে আকস্মিকভাবে পরিদর্শনের ব্যবস্থা করা যেতে পারে। পরিদর্শনাকালে যে সব শাখায় অনিয়ম পরিলক্ষিত হবে বিভাগীয় কার্যালয় কর্তৃক তাদের একটি তালিকা তৈরী করে সেসব শাখায় ভবিষ্যতে যাতে এ ধরনের অনিয়ম সংঘটিত না হয় তার প্রয়োজনীয় পরামর্শ প্রদানের ব্যবস্থা করা যেতে পারে।

এছাড়া অন্যান্য শাখাসমূহও যাতে নমুনা স্বাক্ষর কার্ড, হিসাব খোলার ফর্ম এবং ঋণনথিসমূহ যথাযথভাবে সংরক্ষন করে সে বিষয়ে তাদেরকে সচেতন করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করা যেতে পারে।"

০৪। এমতাবস্থায়, ঝুঁকি ব্যবস্থাপনা ইউনিট কমিটি প্রদত্ত সিদ্ধান্ত যথাযথভাবে পরিপালন ও বাস্তবায়ন করার নিমিত্তে আপনাদের বিভাগাধীন সকল মুখ্য অঞ্চল/ অঞ্চলস্থিত শাখাসমূহকে সদয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করার জন্য অনুরোধ করা হলো।

অনুমোদনক্রমে-

আপনার বিশ্বস্ত,

(লুৎফুন নাহার নাজ)
সহকারী মহাব্যবস্থাপক
(বিভাগীয় দায়িত্বে)

প্রকাঃঅনিবি- প্রশা- ৪৯/২০১৭- ২০১৮/

তারিখঃ ১৩-০৭-২০১৭খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে অনুলিপি প্রেরণ করা হলঃ

০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক- ১ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক, নিরীক্ষা ও অভ্যন্তরীণ নিয়ন্ত্রণ মহাবিভাগ মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। উপমহাব্যবস্থাপক, প্রত্যবেক্ষণ ও নিরীক্ষা বিভাগ- ২ বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৫। উপমহাব্যবস্থাপক,আইসিটি সিস্টেমস্ বিভাগ, বিকেবি, প্রকা ঢাকাকে পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
০৬। উপ- মহাব্যবস্থাপক, ঝুঁকি ব্যবস্থাপনা বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা এর ০৯-০৭-২০১৭ তারিখের ৫১নং অভ্যন্তরীণ পত্রের প্রেক্ষিতে প্রেরিত মে/২০১৭ মাসের বিকেবি, রিস্ক ম্যানেজমেন্ট ইউনিট কমিটির সিদ্ধান্ত বাস্তবায়ন করা হলো।

১৩/০৭/২০১৭
(দিবা রায়)
সহকারী মহাব্যবস্থাপক

D:\Yeasir\Letter.docx